

রাজধানী

রাজু ভাস্কর্যের পাদদেশে জড়ো হচ্ছে ছাত্রলীগ, অনেকের হাতে স্টাম্প-কাঠ

প্রতিবেদক ঢাকা বিশ্ববিদ্যালয়



সমাবেশে আসা ছাত্রলীগের নেতা-কর্মীদের অনেকে হাতে স্টাম্প ও কাঠ দেখা গেছে। ছবি: প্রথম আলো

বিক্ষেভন সমাবেশ করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্যের পাদদেশে জড়ো হচ্ছেন ছাত্রলীগের নেতা-কর্মীরা।

সমাবেশে ছাত্রলীগের নেতা-কর্মীদের অনেকে হাতে স্টাম্প ও কাঠ নিয়ে এসেছেন।

আজ মঙ্গলবার দুপুর দেড়টায় ছাত্রলীগের এই সমাবেশ শুরু হওয়ার কথা। তবে দুপুর আড়াইটায় এই প্রতিবেদন লেখা পর্যন্ত সমাবেশ শুরু হয়নি।

এদিকে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনকারীদেরও আজ বিকেল তিনটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারা দেশের ক্যাম্পাসে ক্যাম্পাসে বিক্ষেভন মিছিল করার কথা রয়েছে।

আজ দুপুর সোয়া দুইটা থেকে ছাত্রলীগের নেতা-কর্মীরা মিছিল নিয়ে রাজু ভাস্কর্যের সামনে জড়ো হতে শুরু করেন।

রাজু ভাস্কর্যের পাদদেশে সমাবেশের প্রস্তুতির অংশ হিসেবে আগেই সাউন্ড সিস্টেম বসিয়েছে ছাত্রলীগ।

ছাত্রলীগ আজকের কর্মসূচিকে বলছে ‘বাঙালির মহান স্বাধীনতাকে কঠাক্ষ, একাত্তরের ঘৃণিত গণহত্যাকারী রাজাকারদের প্রতি সাফাই, আন্দোলনের নামে অস্থিতিশীলতা তৈরি এবং সাধারণ শিক্ষার্থী ও নেতা-কর্মীদের ওপর বর্বর হামলার প্রতিবাদে বিক্ষেভন সমাবেশ।’

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগের দফায় দফায় সংঘর্ষ হয়। গতকাল বেলা তিনটার দিকে বিশ্ববিদ্যালয়ের একটি হল থেকে এই সংঘর্ষের সূত্রপাত হয়। এরপর আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর দফায় দফায় হামলা চালায় ছাত্রলীগ।

রাত নয়টা পর্যন্ত চলা সংঘর্ষ ও পাল্টাপাল্টি ধাওয়ায় রণক্ষেত্রে পরিণত হয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। হামলা ও সংঘর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতা-কর্মীদের পাশাপাশি সংগঠনটির ঢাকা মহানগরের বিভিন্ন শাখার নেতা-কর্মীরা অংশ নেন। তাঁদের হাতে ছিল হকিস্টিক, লাঠি, রড, জিআই পাইপসহ বিভিন্ন দেশি অস্ত্র। ক্যাম্পাসের বিভিন্ন স্থানে পিস্তল দিয়ে গুলি ছুড়তে দেখা যায় অন্তত পাঁচজন অস্ত্রধারীকে। সংঘর্ষের ঘটনায় আহত ২৯৭ জন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেন। তাঁদের মধ্যে ১২ জনকে হাসপাতালে ভর্তি করা হয়।

 **প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন**



 **prothomalo.com**

